# আর-রুম | Ar-Rum | ٱلرُّوم

আয়াতঃ ৩০ : ৪২

## আরবি মূল আয়াত:

قُلْ سِيرُوا فِى الاَرضِ فَانظُرُوا كَيفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ مِن قَبلُ ؕ كَانَ اَكثَرُهُم مُّشرِكِينَ ﴿۴۲﴾

## অনুবাদসমূহ:

বল, 'তোমরা যমীনে ভ্রমণ কর। অতঃপর দেখ পূর্ববর্তীদের পরিণাম কিরূপ হয়েছিল'। তাদের অধিকাংশই ছিল মুশরিক। — আল-বায়ান

বল, পৃথিবীতে পরিভ্রমণ কর, অতঃপর দেখ আগে যারা ছিল তাদের পরিণাম কী হয়েছে। তাদের অধিকাংশই ছিল মুশরিক। — তাইসিরুল

বলঃ তোমরা পৃথিবীতে পরিভ্রমণ কর এবং দেখ, তোমাদের পূর্ববর্তীদের পরিণাম কি হয়েছে! তাদের অধিকাংশই ছিল মুশরিক। — মুজিবুর রহমান

Say, [O Muhammad], "Travel through the land and observe how was the end of those before. Most of them were associators [of others with Allah]. — Sahih International

৪২. বলুন, তোমরা যমীনে ভ্রমণ কর অতঃপর দেখ পূর্ববর্তীদের পরিণাম কী হয়েছে! তাদের অধিকাংশই ছিল মুশরিক।

-

তাফসীরে জাকারিয়া

(৪২) বল, 'তোমরা পৃথিবীতে পরিভ্রমণ করে দেখ, তোমাদের পূর্ববর্তীদের পরিণাম কিরূপ হয়েছে। ওদের অধিকাংশই ছিল অংশীবাদী।'[1]

[1] এখানে বিশেষ করে অংশীবাদী ও মুশরিকদের কথা উল্লেখ হয়েছে। যেহেতু শিরক হল সবচাইতে বড় গোনাহ। এ ছাড়াও এতে অন্যান্য পাপাচার ও অবাধ্যতাও এসে যায়। কারণ, অন্যান্য পাপও মানুষ নিজের প্রবৃত্তি-পূজার ফলেই করে থাকে। এই জন্য অনেকেই পাপ ও অবাধ্যাচরণকে আমলগত শিরক বলে আখ্যায়িত করেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3451

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন